বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

জরুরি

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১৩৫

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **২০২৩-২৪ অর্থবছরের ২য় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) বিএআরসি'র সিটিজেন হালনাগাদকরণ ও হালনাগাদ পূর্ববর্তী ও পরবর্তী অবস্থার স্ক্রীনশট প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ১২.০০.০০০০.০৩৮.০৫.০৩২.২৩.২৬০; তারিখ: ১৯/১২/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২০/১১/২০২৩ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পর্যালোচনা কর্মশালার সুপারিশ এবং গত ১৯/১২/২০২৩ তারিখ সকল বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারে **০২টি নাগরিক সেবা** [সেমিনার/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ ও বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদন্ড সরবরাহ]; **০৪টি দাপ্তরিক সেবা** [এনএআরএসভূক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ৩য় গ্রেডে নিয়োগ/পদোন্নতি; পারসোনাল ডাটা সিট (PDS) সংক্রান্ত কারিগরি সহযোগিতা; বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং মতামত প্রদান; এবং সরকারি/বেসরকারি/আন্তজার্তিক প্রতিষ্ঠান ও বিদেশ প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদান ও জিও প্রক্রিয়াকরণ] এবং **০৩টি অভ্যন্তরীণ সেবা** [সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণের জন্য ভেন্যু বরাদ্দ; দৈনিক পত্রিকায় প্রকাশিত কৃষি সংক্রান্ত সংবাদ ও প্রবন্ধ ওয়েবসাইটে হালনাগাদ এবং কর্মকর্তাগণের নিকট প্রেরণ; এবং নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত] নতুন সেবা হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়াও নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবাসমূহের তথ্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করে সিটিজেন চার্টার আপডেট করা হয়েছে **(বিএআরসি'র ওয়েবসাইট দেখা যেতে পারে)**। আরো উল্লেখ্য যে, **বিএআরসি'র সিটিজেন চার্টার হালনাগাদকরণ পূর্ববর্তী অবস্থা (২৭/০৯/২০২৩ পর্যন্ত) এবং হালনাগাদকরণ পরবর্তী অবস্থা (২৪/১২/২০২৩) এর স্ক্রীনশট এতদসঙ্গে সংযুক্ত করা হলো।**

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৬-১২-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
+৮৮০২-৪১০২৫২৫২

সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ:**
যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১৩৫/১ (৮)

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়;

৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি'র ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সেবাবক্সে সিটিজেন চার্টার হালনাগাদ/আপলোডের অনুরোধ করা হলো);

৪। পরিচালক (চলতি দায়িত্ব), টিটিএমইউ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

৬। উপপরিচালক, সংস্থাপন শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জিআরএস, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (জিআরএস সেবা বক্সে হালনাগাদকৃত সিটিজেন চার্টার আপলোড নিশ্চিতকরণের অনুরোধসহ);

৭। সিনিয়র রিপ্রগ্রাফিক অফিসার, লাইব্রেরী এন্ড রিপ্রোগ্রাফিক শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং

৮। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

২৬-১২-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বিএআরসি'র সিটিজেন চার্টার হালনাগাকরণ পূর্ববর্তী ও পরবর্তী অবস্থা-ডিসেম্বর ২০২৩